গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
(আইসিটি শাখা)
(www.gazipur.gov.bd)

SAS (E&G)

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০২৫.২৪.০০১.১৬- ৩৮(১৩) তারিখঃ ২২ চৈত্র ১৪২২ / ০৫ এপ্রিল ২০১৬

বিষয়ঃ ইনোভেশন টিমসমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর মার্চ/১৬ মাসের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ, ই-গভর্নেন্স শাখার ২০ ডিসেম্বর ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭২নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গাজীপুর জেলার ইনোভেশন টিমের **"বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৬"** এর মার্চ/১৬ মাসের অগ্রগতি প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ০৬ ফর্দ।

৫/৪/২০১৬

মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
গাজীপুর।
ফোনঃ ৯২৬২৩১১

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ মাহফুজা বেগম
সিনিয়র সহকারী সচিব]

বিতরণ-সদয় জ্ঞাতার্থেঃ

১। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, গাজীপুর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

# গাজীপুর জেলার বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা এর অগ্রগতি

## জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর

বিবেচ্য সাল-২০১৬

| ক্র ঃ নং | বিষয় | প্রস্তাবিত প্রকল্প | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নকাল | | মার্চ ২০১৬ মাসের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| | | | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | |
| ১ | ই-সেবা | • ভিডিও কনফারেন্স ও skype এর মাধ্যমে উপজেলা ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উপস্থিত জনগণের সাথে মতবিনিময় | জেলা প্রশাসক, গাজীপুর। | ২০ জানু ২০১৬ | ২০ মার্চ ২০১৬ | আগামী ২০ এপ্রিল ২০১৬ তারিখে কালিয়াকৈর উপজেলার জনগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে জেলা প্রশাসক মহোদয়ের মত বিনিময়ের তারিখ নির্ধারণ করা হয়েছে। |
| ২ | নিজ অফিসে সেবা সহজীকরণ বা সেবা ইনোভেশন | • সকল পর্চার বালাম বই স্ক্যান করে ডিজিটাল পর্চার ডাটাবেজ তৈরি<br>• অনলাইন জেলা প্রশাসনের সকল ফরম আপলোড করা<br>• জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে 'বিডি ফরম' ওয়েব পেজটি লিঙ্ক করা | সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা | অক্টোবর ২০১৫ | জুলাই ২০১৬ | সকল বালাম বই স্ক্যান করে ডিজিটাল পর্চার ডাটাবেজ তৈরির কাজ চলমান রয়েছে এবং জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে বিডি ফরমস ওয়েব পেজটি লিঙ্ক করা হয়েছে। |
| ৩ | | অনলাইন ড্রপবক্স | সহকারী কমিশনার, আইসিটি শাখা | জানুয়ারি ২০১৬ | মার্চ ২০১৬ | অনলাইন ড্রপবক্স তৈরির কাজ চলমান আছে। |
| ৪ | পার্টনারশিপ ও নেটওয়ার্কিং | ই-ট্যুরিজম ইন গাজীপুর | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গাজীপুর। | জানুয়ারি ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | গাজীপুর জেলায় ই-ট্যুরিজম প্রতিষ্ঠার লক্ষ্যে জেলার সকল রিসোর্ট, পিকনিক স্পট, শ্যুটিং স্পট, হোটেল, মোটেল এর প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল রিসোর্ট, পিকনিক স্পট, শ্যুটিং স্পট, হোটেল, মোটেল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৫ | | স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ের তরুণ উদ্ভাবকদের ডাটাবেজ তৈরি করা | অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), গাজীপুর এবং জেলা শিক্ষা অফিসার, গাজীপুর | মার্চ ২০১৬ | মার্চ ২০১৭ | এ বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য তথ্য সংগ্রহের এখনও কার্যক্রম শুরু করা হয়নি। |
| ৬ | ম্যানেজমেন্ট ও স্কেল আইডিয়া | এনজিও ডাটাবেজ তৈরি | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর। | ফেব্রুয়ারি ২০১৬ | জুন ২০১৬ | এনজিও ডাটাবেজ তৈরীর লক্ষ্যে ফরমেট প্রস্তুত করে ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এখন ডাটা এন্ট্রির কার্যক্রম চলছে। |
| ৭ | | ইনোভেশন সার্কেল কর্তৃক পরিদর্শনের মাধ্যমে বিভিন্ন দপ্তরের সেবা সংক্রান্ত সমস্যার দিকগুলো চিহ্নিত করা | ইনোভেশন সার্কেল টিম | মার্চ ২০১৬ | মে ২০১৬ | আগামী ২৬ এপ্রিল ২০১৬ তারিখে জেলা সমবায় অফিস, গাজীপুর এ সেবা সংক্রান্ত সমস্যাদি চিহ্নিতকরণের লক্ষ্যে ইনোভেশন টিম কর্তৃক সরেজমিন পরিদর্শনের তারিখ নির্ধারণ করা হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮ | | এটুআই কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যদের ইনোভেশন প্রকল্প তদারকি | ইনোভেশন সার্কেল টিম | মার্চ ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | ইনোভেশন প্রকল্পসমূহ নিয়মিত ফলোআপ ও তদারকির জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্র প্রেরণ করা হচ্ছে। |
| ৯ | সামাজিক উদ্যোগ | সেবা গ্রহীতাদের জন্য টয়লেট ব্যবস্থা উন্নতকরণ | নেজারত ডেপুটি কালেক্টর, গাজীপুর। | মার্চ ২০১৬ | জানুয়ারি ২০১৭ | সেবা গ্রহীতাদের জন্য টয়লেট ব্যবস্থা উন্নতকরণে ইতোমধ্যে পিডব্লিউডি, গাজীপুর এর সাথে আলোচনাপূর্বক কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া চলমান আছে। |
| ১০ | | • মাদক রোধে কলেজ শিক্ষার্থীদের বছরে একবার রক্ত পরীক্ষা | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গাজীপুর এবং জেলা শিক্ষা অফিসার, গাজীপুর। | এপ্রিল ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | এখনও কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১১ | | সেবা গ্রহীতাদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থাকরণ | নেজারত ডেপুটি কালেক্টর, গাজীপুর | মার্চ ২০১৬ | এপ্রিল ২০১৬ | সেবা প্রত্যাশীদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থা নিশ্চিতকরণে ইতোমধ্যে ফ্রন্টডেস্ক ও রেকর্ডরুমের সম্মুখে ০২টি ফিল্টার মেশিন স্থাপন করা হয়েছে। |
| ১২ | ই-ফাইলিং | ই-ফাইলিং কার্যক্রম | সহকারী প্রোগ্রামার | নভেম্বর ২০১৫ | এপ্রিল ২০১৬ | কার্যক্রম চলমান আছে। |
| ১৩ | উন্মুক্ত সোস্যাল মিডিয়ার ব্যবহার | অনলাইন প্লাটফর্ম | সহকারী কমিশনার, আইসিটি শাখা | অক্টোবর ২০১৫ | জুলাই ২০১৬ | কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। |
| ১৪ | প্রশিক্ষণ | • মেন্টরদের নিয়ে মতবিনিময় সভা<br>• ষ্টাফদের ইনোভেশন প্রশিক্ষণের আওতায় আনা<br>• ইনোভেশন ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করা | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ও ইনোভেশন সার্কেল টিম | মার্চ ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | জেলা প্রশাসন, গাজীপুর এ কর্মরত ষ্টাফদের ইনোভেশন প্রশিক্ষণের আওতায় আনয়নের জন্য কার্যক্রম চলমান আছে। |
| ১৫ | বাজেট/ফান্ড ব্যবস্থা | বাজেট | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গাজীপুর | জানুয়ারি ২০১৬ | মার্চ ২০১৭ | ইনোভেশন প্রকল্প পাইলটিং এর জন্য ফান্ড গঠনের কার্যক্রম চলমান আছে। |
| ১৬ | পুরস্কার প্রদান | জেলার সেবা উদ্ভাবনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ | জেলা প্রশাসক, গাজীপুর। | মার্চ ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | জেলার সেবা উদ্ভাবনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ এর কার্যক্রম সক্রিয় বিবেচনায় রয়েছে। |
| ১৭ | প্রকাশনা ও ডকুমেন্টেশন | ইনোভেশন সংক্রান্ত গৃহীত উদ্যোগ নিয়ে বছরে একটি নিউজ লেটার ওয়েব পোর্টালে প্রকাশ | সহকারী কমিশনার, আইসিটি শাখা | এপ্রিল ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | ইনোভেশন সংক্রান্ত গৃহীত উদ্যোগ নিয়ে বছরে একটি নিউজ লেটার ওয়েব পোর্টালে প্রকাশের বিষয়টি সক্রিয় বিবেচনায় রয়েছে। |

## যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | দপ্তরের সেবা সহজিকরণ/ সেবায় ইনোভেশন | দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আধুনিকিকরণ | ইনোভেশন অফিসার ও প্রশিক্ষকবৃন্দ | জানুঃ' ২০১৬- | ডিসেঃ' ২০১৬ | ক) বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের জন্য আবেদনপত্রসমূহ জেলা কার্যালয়ে দাখিল করার পাশাপাশি ইউনিয়ন ডিজিটাল সেন্টার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করে তা স্ব-স্ব স্থানে দাখিল করার সুযোগ রাখা হয়েছে।<br>খ) বিভিন্ন প্রশিক্ষণের ভর্তি বিজ্ঞপ্তি জেলা কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর পাশাপাশি বিজ্ঞপ্তি প্রচারের ক্ষেত্রে জেলা উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টাল এবং অনুদান প্রাপ্ত যুব সংগঠনের সহায়তা নেয়া হয়েছে।<br>গ) আবেদনপত্র উপজেলা কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে তা গ্রহণ করা হচ্ছে।<br>ঘ) আবেদনপত্রের সাথে ছবি সংযোজন আগে বাধ্যতামূলক ছিল তা রহিত করা হয়েছে।<br>ঙ) প্রশিক্ষণার্থীদেরকে ভর্তির আবেদন ফরম অন লাইনে প্রচার করার কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>চ) এ পর্যন্ত ৬২ জন প্রশিক্ষণার্থী সহজিকরণ পদ্ধতিতে প্রশিক্ষণ শেষ করে প্রশিক্ষণ সমাপ্তির দিন সনদপত্র গ্রহণ করার কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রশিক্ষণার্থীগণ ন্যূনতম অর্থ, সময় এবং দপ্তরে আগমন হ্রাস পদ্ধতি এর মাধ্যমে সনদপত্র গ্রহণ করতে সমর্থ হয়েছেন। |
| ১৯ | | ঋণ প্রদান কার্যক্রমের সময় কমিয়ে আনা | ইনোভেশন অফিসার ও সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন অফিসারগণ | জানুঃ' ২০১৬- | ডিসেঃ' ২০১৬ | কার্যক্রম চলমান আছে। |
| ২০ | | প্রশিক্ষণগ্রহণকারী যুব ও যুব মহিলাদের আত্নকর্মী হওয়ার জন্য সহায়তা প্রদান করা | ইনোভেশন অফিসার | জানুঃ' ২০১৬- | ডিসেঃ' ২০১৬ | কার্যক্রম চলমান আছে। |

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২১ | নিজ অফিসের সেবা সহজীকরন অথবা সেবায় ইনোভেশন | উপজেলা কৃষি কারিগরি কমিটির মাধ্যমে অধিদপ্তরের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে ৩টি গুরুত্বপূর্ন সেবা | ইনোভেশন অফিসার | ১ মার্চ/১৬ | ৩১ মার্চ/১৬ | মোবাইল ফোনের মাধ্যমে সেবা সহজীকরণ<br>ক) কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সেবা সহজতর করার লক্ষ্যে সেবা গ্রহণকারী ১৮৬৭ জন কৃষকের মোবাইল নম্বর সংগ্রহ ও সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সহজীকরনের জন্য চিহ্নিতকরন | | | | খ) কৃষি প্রযুক্তি সম্প্রসারন কার্যক্রম তদারকির পাশাপাশি মোবাইল ফোনের মাধ্যমে উপজেলা পর্যায়ে মাঠ পর্যায়ের কর্মরত ৩০০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা এবং জেলা পর্যায়ের ৪০জন উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করে মাঠ তদারকি কার্যক্রম পরিচালিত হচ্ছে।<br>গ) কৃষি সেবা সহজতর করার লক্ষ্যে বাংলালিংক মোবাইল ফোন অপারেটরের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ফলে কৃষক তার ফসলের সমস্যা তাৎক্ষণিকভাবে তার এলাকায় নিয়োজিত কৃষি কর্মকর্তার সাথে যোগাযোগ করে সমাধান করতে পারবেন । গাজীপুর জেলার ০৫(পাঁচ)টি উপজেলায়ই উপ-সহকারী কৃষি কর্মকতাদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অতি দ্রুতই বাংলালিংক মোবাইল অপারেটরের মাধ্যমে বিনা মূল্যে কৃষকগণ সেবা গ্রহণ করতে পারবেন। |
| ২২ | | অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিত সেবাসমূহের প্রথম সেবাটি অধিকতর সহজ উপায়ে প্রদান করার পন্থা বা প্রক্রিয়া উদ্ভাবন এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন বা বিধি পর্যালোচনা পূর্বক জেলা কৃষি কারিগরি সমন্বয় কমিটির সভায় প্রয়োজনীয় সংশোধনীর সুপারিশ প্রনয়ন করা। | ইনোভেশন অফিসার | ১ এপ্রিল/১৬ | ১৫ এপ্রিল/১৬ | |
| ২৩ | | পরীক্ষামূলক ভাবে প্রথম অনুমোদিত সেবাটি জেলার বিভিন্ন উপজেলায় শুরু করা। | ইনোভেশন অফিসার | ১৬ জুলাই/১৬ | ১৫ অক্টোবর/১৬ | |
| ২৪ | | জেলা কৃষি কারিগরি সমন্বয় কমিটির মাধ্যমে পরীক্ষামূলক সেবাটির মূল্যায়ন | ইনোভেশন অফিসার | ২০ অক্টোবর/১৬ | ৩০ অক্টোবর/১৬ | |
| ২৫ | ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম | এটুআই কর্মসূচী থেকে প্রয়োজনীয় সফট্ওয়্যার পাওয়া সাপেক্ষে অত্র দপ্তরের এবং এর আওতাধীন ৫টি উপজেলা কার্যালয়ে কমপক্ষে ৫টি করে ফাইল ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরন এবং পর্যায়ক্রমে সকল ফাইল ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা করা। | ইনোভেশন অফিসার | ১ জুলাই/১৬ | ৩১ ডিসেম্বর/১৬ | কার্যক্রম চলমান আছে। |
| ২৬ | | এটুআই কর্মসূচী থেকে প্রাপ্ত কৃষকের জানালা শীর্ষক সফট্ওয়্যারটি ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র, এআইসিসি, ফিয়াক সেন্টারে বহুল প্রচারের জন্য সরবরাহ। তাছাড়া অন্যান্য ই-সেবা যেমন- বারি প্রযুক্তি ভান্ডার, রাইস নলেজ ব্যাংক, সার সুপারিশমালা ও বিভিন্ন গবেষনা প্রতিষ্ঠানের ওয়েব সাইট ব্যবহারের জন্য | ইনোভেশন অফিসার ইউএও, এএও,এইও, এসএএও | ১ জুলাই/১৬ | ৩১ ডিসেম্বর/১৬ | কার্যক্রম চলমান আছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | কৃষকদেরকে সংশ্লিষ্ট ব্লকের এসএএও কর্তৃক প্রশিক্ষিত করে তোলা। | | | | |

## পরিবেশ অধিদপ্তর
## গাজীপুর জেলা অফিস, গাজীপুর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৭ | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | অনলাইনে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের/নবায়নের আবেদন গ্রহণ | পরিদর্শক-১, ২ ও সহকারী পরিচালক | জানুয়ারী/১৬ | ডিসেম্বর/১৬ | ব্যক্তিগত উপস্থিতি ব্যতিরেকে উদ্যোক্তা সেবা পেয়েছেন। আবেদনের সংখ্যা ১২৮ টি। |
| ২৮ | | অনলাইনে অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের/নবায়নের আবেদন প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে উদ্যোক্তাকে পত্র প্রেরণ | পরিদর্শক-১, ২ ও সহকারী পরিচালক | জানুয়ারী/১৬ | ডিসেম্বর/১৬ | দ্রুততম সময়ে ও কম ভিজিটে উদ্যোক্তা বিষয়টি অবগত হয়েছেন। অনলাইনে প্রেরিত পত্র সংখ্যা ২৪ টি। |
| ২৯ | | অনলাইনে পরিবেশগত/অবস্থানগত ছাড়পত্রের/নবায়নের আবেদনের প্রেক্ষিতে পরিদর্শন প্রতিবেদনসহ অনলাইনে আপলোড করে অগ্রায়ন | পরিদর্শক-১, ২, সহকারী পরিচালক ও উপ পরিচালক | জানুয়ারী/১৬ | ডিসেম্বর/১৬ | দ্রুততম সময়ে সেবা নিশ্চিত হচ্ছে। অনলাইনে অগ্রায়নকৃত নথির সংখ্যা ১০৬ টি। |

## জেলা শিক্ষা অফিস

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩০ | ই-সেবা | প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান ই-মেইল আইডি খোলা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | মার্চ ২০১৬ | অক্টোবর ২০১৬ | গাজীপুর জেলার ৪০% শিক্ষা প্রতিষ্ঠানে ই-মেইল আইডি খোলা হয়েছে এবং সচল রয়েছে। অবশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ই-মেইল আইডি খোলার জন্য নির্দেশ দিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৩১ | ইন হাউজ ট্রেনিং | প্রত্যেক শিক্ষককে আইসিটি জ্ঞান সম্পন্ন করা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | মার্চ ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | ইন হাউজ প্রশিক্ষণ চলমান রয়েছে এবং এ ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ৩২ | প্রশিক্ষণের ডাটাবেজ তৈরী | প্রত্যেক শিক্ষকের প্রশিক্ষণ ডাটা বেইজ তৈরি করা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | মার্চ ২০১৬ | ডিসেম্বর ২০১৬ | শিক্ষক প্রশিক্ষণ সংক্রান্ত জরিপ কার্যক্রম পরিচালনার জন্য ছক তৈরি করে প্রত্যেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে। |

## গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৩ | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | বিদ্যুৎ বিভাগের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে অগ্রাধিকার ভিত্তিতে ১টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য চিহ্নিতকরণ। | এজিএম (এমএস) | নভেম্বর ২০১৫ | ডিসেম্বর ২০১৫ | ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী অন লাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। এছাড়াও বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৬ এর গৃহীত অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া চলমান আছে। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৪ | | নতুন পদ্ধতিতে পরীক্ষামূলক সীমিত পরিসরে প্রথম সেবাটির প্রদান শুরু করা। | এজিএম (এমএস) | ফেব্রুয়ারি ২০১৬ | জুন ২০১৬ | খ) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক গ্রাহকদের বিদ্যুৎ বিল পরিশোধ পূর্বে ব্যাংকের মাধ্যমে করা হলেও বর্তমানে টেলিটক রিচার্জ পয়েন্টের মাধ্যমে বিদ্যুৎ বিল দিনের যেকোনো সময় পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |
| ৩৫ | ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম | বিদ্যুৎ বিভাগের শাখা সমূহের কমপক্ষে ০১টি করে ফাইল ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ এবং পর্যায়ক্রমে সকল ফাইল ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ। | এজিএম (এমএস) | জানুয়ারি ২০১৬ | মার্চ ২০১৬ | |


মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
গাজীপুর।
ফোনঃ ৯২৬২৩১১